

সারাদেশ

উন্নয়নের নামে ব্রাহ্মণবাড়িয়ায় মরণফাঁদ উঁচু সড়ক

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১৭ সেপ্টেম্বর ২০২৬, ০৬:২৯ PM



উন্নয়নের জন্য সংস্কার করা হয়েছে ব্রাহ্মণবাড়িয়া পৌরসভার সড়ক। তবে স্বাভাবিক সড়কের চেয়ে কয়েক ফুট উঁচু করে ঢালাই করায় বিপাকে পড়েছেন শহরবাসী। উঁচু ও খাড়া সড়কে উঠতে গিয়ে প্রায়ই উল্টে যাচ্ছে রিকশা ও অটোরিকশা। এতে রোগীসহ সাধারণ যাত্রীরা আহত হচ্ছেন।

শহরের গুরুত্বপূর্ণ পয়েন্ট টেংকের পাড় এলাকায় সদ্য সংস্কার করা সড়ক ঘুরে এমন চিত্র দেখা গেছে। মূল সড়কের তুলনায় নতুন সড়কটি বেশ উঁচু করে তৈরি করা হয়েছে। ফলে ছোট যানবাহনের জন্য সেখানে ওঠা ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে।

বিশেষ করে রিকশা, ব্যাটারিচালিত অটোরিকশা ও ইজিবাইক চালকেরা উঁচু ঢালে ওঠার সময় নিয়ন্ত্রণ হারাচ্ছেন। এ সময় যানবাহন উল্টে যাত্রীরা সড়কে ছিটকে পড়ছেন। এতে কেউ কেউ গুরুতর আহত হচ্ছেন।

স্থানীয় বাসিন্দা ও প্রত্যক্ষদর্শীদের অভিযোগ, পৌরসভার প্রকৌশল বিভাগের অপরিকল্পিত কাজের কারণে এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

তাদের ভাষ্য, উন্নয়নের নামে এমন অবৈজ্ঞানিক ও খাড়া সড়ক তৈরি করায় এখন তা শহরবাসীর জন্য ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। প্রায় প্রতিদিনই এখানে কোনো না কোনো যানবাহন উল্টে দুর্ঘটনা ঘটছে।

শহরবাসীর দাবি, দুর্ঘটনা রোধে দ্রুত পদক্ষেপ নেওয়া হোক। যান চলাচল স্বাভাবিক রাখতে উঁচু ও খাড়া অংশগুলো বৈজ্ঞানিক পদ্ধতিতে ঢালু করে সংস্কার করার দাবি জানিয়েছেন তাঁরা।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পালনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিজ্ঞাণ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/unnyner-name-brahmnbariyay-mrnfand-unchu-srk>